## North-West Power Generation Company Ltd
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
*(An Enterprise of Bangladesh Power Development Board)*

**Office of the Plant Manager (Superintending Engineer)**
Sirajganj 225 MW Combined Cycle Power Plant (Unit-2)
Soydabad, Sirajganj.

**Ref:** 27.28.8878.201.07.001.21.086 **Date:** 07/05/2024

### e-Tender Notice

The following e-Tender is invited in the National e-GP System Portal (www.eprocure.gov.bd):

| Sl. No. | Tender ID | Brief Description of Tender | Publication Date | Last Selling Date & Time | Opening Date |
|---|---|---|---|---|---|
| 1 | 977707 | Supply of spare for WTP, CCCW & Water Intake System. | 30-Apr-2024 | 20-May-2024 14:00 PM | 21-May-2024 |
| 2 | 974393 | Procurement of general tools, spares and consumables for plant. | 07-May-2024 | 25-Jun-2024 15:30 PM | 26-Jun-2024 |

This is an online tender where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP System Portal (www.eprocure.gov.bd) is required. Further information and guidelines are available in the National e-GP System Portal and e-GP Help Desk (helpdesk@eprocure.gov.bd).

07/05/24
**Engr. Md. Asad Halim**
Plant Manager (Superintending Engineer)
Sirajganj 225 MW CCPP (Unit-2)
NWPGCL, Soydabad, Sirajganj.

GD-742

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
ভূমি ও ইমারত শাখা
**Bangladesh Agricultural Research Institute**
**Gazipur-1701**

কৃষিই সমৃদ্ধি
Tel: 49270077
E-mail: se.building@bari.gov.bd
Web: www.bari.gov.bd

Memo no. 12.21.0000.010.41.468.20.1437 Date: 05.05.2024

### e-TENDER NOTICE

Tender is invited Through National e-GP System Portal (http//:wwweprocure.gov.bd) for procurement of following works:

| Sl no | Tender ID No. | Tendering Method | Description of works | Online (e-GP system) tender publication date & time | Online (e-GP system) tender closing date & time |
|---|---|---|---|---|---|
| 1. | 979955 | OTM | Repairing & Renovation of Incharge and office room & Workshop of Machinery Maintenance and Repairing Division at BARI Gazipur. | 05-May-2024 10:30 | 19-May-2024 12:30 |
| 2. | 978778 | OTM | Repairing & Renovation of LT Switchgear at Fruit division at HRC, BARI, Gazipur. | 2-May-2024 20:40 | 19-May-2024 12:30 |
| 3. | 978221 | OTM | Repair, Maintenance & Renovation of Threshing floor ARS, BARI, Pabna | 2-May-2024 20:20 | 19-May-2024 12:30 |
| 4. | 978929 | OTM | Supplying & Installation of Telecommunication cable(20 pair) for Seed Technology to Farm division at BARI Gazipur. | 2-May-2024 20:15 | 19-May-2024 12:30 |
| 5. | 978646 | OTM | Repairing & Renovation RCC road of BARI Hafezia Madrasa at BARI Gazipur. | 2-May-2024 20:00 | 19-May-2024 12:30 |

This is online tender, only e-Tender will be accepted in National e-GP Portal and no offline/hard copy will be accepted. Registration is essential to submit e-Tender.

Fees have to be deposited for downloading the tender documents from e-GP Portal through any registered bank. For further information please contact e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

**Budget Type :** Revenue

05.05.2024
Engr. Md. Ferozur Rahman
Superintending Engineer (In-charge)

GD-738

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### সিভিল সার্জনের কার্যালয়
### লালমনিরহাট
https://cs.lalmonirhat.gov.bd

স্মারকনং- সিএস/লাল/প্রশা:/১১-২০ গ্রেড জনবল নি:/২০২৪/৮০০ তারিখ- ০৫/০৫/২০২৪ খ্রি.।

### " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্মারকনং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.২৯৮৯ তারিখ-০১/০১/২০২৪ খ্রি.ও স্মারকনং- ৪৫.১৩৭.০১১.০০.০০৬.০০৯.২০১৩-৮২৯ তারিখ ১৭/০৪/২০২৪ খ্রি.মোতাবেক সিভিল সার্জন, লালমনিরহাট এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে রাজস্ব খাতের গ্রেড ভিত্তিক শুন্যপদ সমূহ অস্থায়ীভাবে পুরণের জন্য বাংলাদেশের নাগরিক এবং লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে অনলাইনে (http://cslal.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদেরনাম | পদেরসংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | পরিসংখ্যানবিদ | ০৩ (তিন) | গ্রেড ১৪ স্কেল- ১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২ | ষ্টোরকিপার | ০৩ (তিন) | গ্রেড ১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চমধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) ষ্টোরকিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ৩ | স্বাস্থ্য সহকারী | ৭৬ (ছিয়াত্তর) | গ্রেড ১৬ স্কেল-৯৩০০-২২৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলীঃ-

১। বিশেষ নির্দেশনাঃ

১.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার বাসিন্দা হতে হবে।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা অনুসরণ করা হবে।

১.৩ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৪ যে কোন কারণে বিজ্ঞাপিত শুন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.৫ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ- ১১/১২/২০১৮খ্রি. মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যাহারা ষ্টোরকিপার ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১.৬ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিলে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশ পত্র গ্রহণ করলে অথবা পরীক্ষার অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১.৭ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১.৮ প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সে প্রার্থীর বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতি প্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগীতা মূলক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।

১.৯ বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতি স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরুপ সনদপত্র ব্যতিত অন্য কোন সনদ পত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণ যোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তি যোদ্ধা নাতি/নাতনি হলে আবেদনকারী যে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

১.১০ প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজ সেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১১ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদ পত্র দাখিল করতে হবে।

১.১২ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ পত্র দাখিল করতে হবে।

১.১৩ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র সমূহের মূলকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণে সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদ পত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদ পত্র সমূহ প্রদর্শন করতে হবে এবং সনদপত্র সমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১৪ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১৫ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোন ভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.১৬ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা হতে হবে এবং নাগরিক সনদ পত্রে তাহার নিজগ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হবে।

১.১৭ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী (সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শুন্য পদ পূরণ করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শুন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, লালমনিরহাট/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

২। বয়স সীমাঃ বিজ্ঞপ্তি জারীর তারিখে বয়সঃ

২.১ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।

২.২ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮-৩২বছর।

২.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদন পত্র গ্রহন যোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মুল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে (বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৩। নাগরিকত্বঃ

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদন পত্রে বর্ণিতস্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রের প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয় পত্র ((NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদচেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদ পত্র দাখিল করতে হবে। পরিবর্তিত

৪। সংরক্ষণঃ

৪.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগ কমিটি/কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/ শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিhttp://cslal.teletalk.com.bdএই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময় সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৫/২০২৪ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬/০৬/২০২৪ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবংস্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১নং হতে ৩নং ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকা সহ (অফেরত যোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS::CSLAL<space>UserID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **CSLAL ABCDEF & Send to 16222.**
**Reply**: Applicant's Name, Tk. 223/112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CSLAL<space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS::CSLAL<space>YES <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **CSLAL YES 12345678**
**Reply**: Congratulations! Applicant's Name, payment completed successfully for CSLAL Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://cs.lalmonirhat.gov.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবংপ্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Passwordব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:
CSLAL<space>Help<space>User<space>User ID& Send to 16222.
Example: CSLAL Help User ABCDEF

ii) PIN Number জানা থাকলে:
CSLAL<space> Help <space> PIN <space> PIN Number & Send to16222.
Example: CSLAL Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েব সাইট (https://cs.lalmonirhat.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জব পোর্টালhttps://alljobs.teletalk.com.bd ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (https://cs.lalmonirhat.gov.bd) ওয়েব সাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bdবা https://cs.lalmonirhat.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেস বুকপেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject-এ Organization Name: CSLAL, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবংসংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

05.05.2024
(ডাঃ নির্মলেন্দু রায়)
সিভিল সার্জন, লালমনিরহাট
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী (১১-২০গ্রেড) জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয় লালমনিরহাট।

GD- 736